

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৬, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখ: ০২ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ/১৬ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫৯-আইন/২০১৫।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০ এর উপ-ধারা (১)(খ), ধারা ৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ই) এ উল্লিখিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে এবং উক্ত দফার পর একটি নতুন উপ-দফা (ইই) সন্নিবেশিত হইবে, যথা :—

“(ইই) Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 184A এর বিধান অনুসারে ১২ ডিজিটের টিআইএন (Taxpayer’s Identification Number) সনদের কপি এবং section 75 এর sub-section (1) এর clause (e) এর বিধান অনুসারে সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের রসিদ (Return of Income) এর কপি; এবং”;

(২) তফসিল-১ এর ফরম-ক, ফরম-ক-১ ও ফরম-ক-২ এর প্রথম খণ্ড (মনোনয়নপত্র) এর তৃতীয় অংশের (৪) নং ক্রমিকের পরিবর্তে নিম্নরূপ (৪) নং ক্রমিক প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৪) আমার ১২ ডিজিটের টিআইএন নম্বর

--	--	--	--	--	--	--	--	--	--	--	--

আমার সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের রসিদ এর কপি এতদসঙ্গে সংযুক্ত করিলাম।”

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৬০৯)

মূল্য : টাকা ৪.০০